গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৯০ তারিখ: ৩০ আষাঢ় ১৪২৬
১৪ জুলাই ২০১৯

বিষয়: **প্রাকৃতিক দুর্যোগে জরুরি সাড়াদান কেন্দ্রে প্রাপ্ত তথ্যাদির সমন্বিত প্রতিবেদন।**

**সমূদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সংকেত নাই।**
আজ রাত ১টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাসঃ খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্রগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চল সমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কিঃমিঃ বেগে বৃষ্টি অথবা বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১নং (পুনঃ) নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**আজ সকাল ০৯টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ**
সিনপটিক অবস্থাঃ মৌসুমী বায়ুর বর্ধিতাংম পাঞ্জাব, হরিয়ানা, উত্তর প্রদেশ, বিহার, হিমালয়ের পাদদেশীয় পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের উত্তরাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বির্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত লাভ করেছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে মাঝারী অবস্থায় বিরাজমান রয়েছে।

পূর্বাভাসঃ রংপুর, ঢাকা, ময়মনসিংহ, চট্রগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং রাজশাহী, খুলনা ও বরিশাল বিভাগের অনেক জায়গায় অস্থায়ী দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হয়ে পারে। সেইসাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরণের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিনের এবং রাতের তাপমাত্রা সামান্য বৃষ্টি পেতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন) t বৃষ্টিপাতের প্রবণতা হ্রাস পেতে পারে।
**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা** (ডিগ্রী সেলসিয়াস):

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্রগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৪.০ | ৩১.০ | ৩২.৬ | ৩০.০ | ৩৪.৫ | ৩১.২ | ৩৫.৮ | ৩১.৭ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২২.৫ | ২৩.৮ | ২৩.০ | ২৩.৭ | ২৪.৩ | ২৩.৭ | ২৩.৮ | ২২.৮ |

*গতকালের সর্বোচ্চ তাপমাত্রা ছিল মংলা ৩৫.৮° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা টাংগাইল ২২.৫° সেঃ।

## এক নজরে নদ-নদীর পরিস্থিতি

- সুরমা ব্যতীত দেশের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে।
- বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ও ভারত আবহাওয়া অধিদপ্তরের তথ্য অনুযায়ী, বাংলাদেশের উত্তরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল এবং তৎসংলগ্ন ভারতের আসাম ও মেঘালয় প্রদেশসমূহের বিস্তৃত এলাকায় আগামী ২৪ থেকে ৪৮ ঘণ্টায় মাঝারী হতে ভারী এবং কোথাও কোথাও অতি ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। এছাড়া দেশের উত্তর-পশ্চিমাঞ্চল সংলগ্ন ভারতের বিহার এবং নেপালে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

- আগামী ৭২ ঘণ্টায় ব্রহ্মপুত্র-যমুনা ও গঙ্গা-পদ্মা নদীসমূহের পানি সমতল বৃদ্ধি অব্যাহত থাকতে পারে এবং আগামী ২৪ ঘণ্টায় যমুনা নদী সিরাজগঞ্জ পয়েন্টে বিপদসীমা অতিক্রম করতে পারে।
- আগামী ২৪ ঘণ্টায় সিলেট ও রংপুর বিভাগের সুরমা, কুশিয়ারা, কংস, সোমেশ্বরী, ধরলাসহ প্রধান নদীসমূহের পানি সমতল দ্রুত বৃদ্ধি পেতে পারে।
- আগামী ২৪ ঘণ্টায় নেত্রকোণা, সুনামগঞ্জ, সিলেট, লালমনিরহাট, কুড়িগ্রাম, জামালপুর, গাইবান্ধা, বগুড়া ও সিরাজগঞ্জ জেলায় বন্যা পরিস্থিতির অবনতি হতে পারে।
- আগামী ২৪ ঘণ্টায় চট্রগ্রাম, কক্সবাজার ও বান্দরবন জেলায় বন্যা পরিস্থিতির উন্নতি হতে পারে।

**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন (৩০ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ/ ১৪ জুলাই ২০১৯ খৃঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):**

| পানি সমতল স্টেশন | নদীর নাম | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | বিপদসীমা (মিটার) | বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|
| কানাইঘাট | সুরমা | ১৩.৫৯ | -৮ | ১২.২৫ | +১৩৪ |
| সিলেট | সুরমা | ১০.৭৬ | +১ | ১০.১৫ | +৬১ |
| সুনামগঞ্জ | সুরমা | ৭.৯৮ | -৬ | ৭.২০ | +৭৮ |
| আমলশীদ | কুশিয়ারা | ১৬.৫৬ | +৩৩ | ১৪.৯৫ | +১৬১ |
| শেওলা | কুশিয়ারা | ১৩.৩৮ | +২৬ | ১২.৫০ | +৮৮ |
| শেরপুর-সিলেট | কুশিয়ারা | ৮.৫০ | +৩ | ৮.০৫ | +৪৫ |
| মৌলভীবাজার | মনু | ১১.১১ | +৮ | ১০.৭০ | +৪১ |
| কমলগঞ্জ | ধলাই | ১৯.১০ | -১৬ | ১৮.৮৫ | +২৫ |
| বাল্লা | খোয়াই | ২২.৭৩ | +৫০ | ২১.৪০ | +১৩৩ |
| কমলাকান্দা | সোমেশ্বরী | ৭.২৬ | +১ | ৬.৩৫ | +৯১ |
| জারিয়াজাঞ্জইল | কংস | ১০.৩৩ | +১৪ | ৯.৯৫ | +৩৮ |
| কুড়িগ্রাম | ধরলা | ২৭.২৮ | +৩৬ | ২৬.৫০ | +৭৮ |
| ডালিয়া | তিস্তা | ৫২.৮২ | -২৬ | ৫২.৬০ | +২২ |
| কাওনিয়া | তিস্তা | ২৯.৪২ | +২২ | ২৯.২০ | +২২ |
| গাইবান্ধা | ঘাগট | ২২.১৯ | +৪৩ | ২১.৭০ | +৪৯ |
| নুনখাওয়া | ব্রহ্মপুত্র | ২৬.৮৮ | +৩৭ | ২৬.৫০ | +৩৮ |
| চিলমারী | ব্রহ্মপুত্র | ২৪.৪২ | +৩৮ | ২৩.৭০ | +৭২ |
| ফুলছড়ি | যমুনা | ২০.৫৬ | +৪৩ | ১৯.৮২ | +৭৪ |
| বাহাদুরাবাদ | যমুনা | ২০.৩১ | +৪৪ | ১৯.৫০ | +৮১ |
| সারিয়াকান্দি | যমুনা | ১৭.০৭ | +৪০ | ১৬.৭০ | +৩৭ |
| কাজিপুর | যমুনা | ১৫.৩৪ | +৩৩ | ১৫.২৫ | +৯ |
| বান্দারবন | সাঙ্গু | ১৮.৩০ | +১৮৪ | ১৫.২৫ | +৩০৫ |
| দৌহাজারি | সাঙ্গু | ৮.৬০ | +৫৪ | ৭.০০ | +১৬০ |
| লামা | মাতামুহরী | ১৩.৮৪ | +১৭০ | ১২.২৫ | +১৫৯ |
| চিরিংগা | মাতামুহরী | ৭.১৭ | +৫৭ | ৬.২৫ | +৯২ |

## বৃষ্টিপাতের তথ্যঃ

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

| স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) |
|---|---|---|---|---|---|
| পঞ্চগড় | ২০০.০ | ডালিয়া | ১৭৭.০ | রাঙ্গামাটি | ১২৫.০ |
| টাঙ্গাইল | ১২২.০ | মহেশখোলা | ১৯০.০ | নরসিংদী | ২০৮.০ |
| ঢাকা | ১০২.০ | শ্রীমঙ্গাল | ২৫০.০ | ব্রাহ্মণবাড়িয়া | ১৪৫.০ |

বন্যা

| | | | | | |
|---|---|---|---|---|---|
| কুমিল্লা | ১০০.০ | - | - | - | - |

**সংক্রান্ত তথ্যঃ**

**অতিবৃষ্টি ও উজান থেকে নেমে আসা পানির কারণে দেশের ১৫টি জেলায় বন্যার আশংকা দেখা দিয়েছে। সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসনের কাছ থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী জেলাগুলোর বর্তমান অবস্থাঃ**

## ১। চট্রগ্রামঃ

(ক) বন্যা পরিস্থিতির তথ্যঃ

| বন্যা পরিস্থিতির বিবরণ | ক্ষয়ক্ষতির বিবরণ | প্রাণহানির সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| গত ৫ জুলাই হতে অবিরাম ভারী বর্ষণ ও পাহাড়ি ঢলে চট্রগ্রাম জেলার ১৪ টি উপজেলার মধ্যে সাতকানিয়া উপজেলার ৯০ ভাগ, চন্দনাইশ উপজেলার ৯০ ভাগ, রাউজান উপজেলার ৬০ ভাগ ,ফটিকছড়ি উপজেলার ৫০ ভাগ এলাকা প্লাবিত হয়েছে। | ১। ক্ষতিগ্রস্ত উপজেলাঃ ১৪টি,<br>২। ক্ষতিগ্রস্ত ইউনিয়ন/পৌরসভাঃ ১১৯টি<br>৩। দুর্গত জনসংখ্যাঃ ৩,৬৪,৯,৮০ জন।<br>৪। ক্ষতিগ্রস্ত ঘরবাড়ীঃ ১৬০টি ( সম্পূর্ণ) ৫৯৭৫টি (আংশিক) | বন্যায় ২ জন মারা গিয়াছে (চন্দনাইশ উপজেলায় ১০বছরের ১টি শিশু এবং ফটিকছড়ি উপজেলায় ৯বছরের ১টি শিশু )। | চট্রগ্রাম মহানগরীতে পাহাড়ের পাদদেশ হতে ঝুঁকিপূর্ণ ভাবে বসবাসকারী প্রায় ৫০০০জনকে ৮টি আশ্রয়কেন্দ্রসহ অন্যান্য নিরাপদ স্থানে স্থানান্তর করা হয়েছে। |

**(খ) দুর্যোগ ব্যাবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনালয় হতে বরাদ্দকৃত ত্রাণের বিবরণঃ**

| জিআর ক্যাশ (টাকা) | জিআর চাল (মেঃটন) | শুকনা ও অন্যান্য খাবার (কার্টুন) |
|---|---|---|
| ১০,০০,০০০ (দশ লক্ষ) | ৩০০ (তিন শত) | ২,০০০ (দুই হাজার) |

## ২। বান্দরবানঃ

**(ক) বন্যা পরিস্থিতির তথ্যঃ**

| বন্যা পরিস্থিতির বিবরণ | ক্ষয়ক্ষতির বিবরণ | প্রাণহানির সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| অতি বৃষ্টি ও আকষ্মিক বন্যায় মারাত্মকভাবে প্লাবনের সৃষ্টি হয়েছে। এছাড়া বিভিন্নস্থানে পাহাড় ধ্বসের ঘটনা ঘটেছে। | * ক্ষতিপ্রস্ত উপজেলাঃ ৫টি<br>* ক্ষতিগ্রস্ত ঘরবাড়ীঃ ১০০টি (সম্পূর্ণ)<br>* বিপুল সংখ্যক গাছপালা, ঘরবাড়ী, বিদ্যুতের খুঁটি বিনষ্ট হয়েছে।<br>* বান্দরবানের সাথে চট্রগ্রামের সড়ক যোগাযোগ বিচ্ছিন্ন রয়েছে। | রুমা উপজেলার তীব্র স্রোতে ভেসে ২জন ব্যক্তি নিখোঁজ হয়েছে। তাদের মধ্যে ১জনের মৃত দেহ উদ্ধার করা হয়েছে। মৃত ব্যক্তির নাম লালসম দির বম, বয়সঃ ৪১ বছর। | ১৩১টি আশ্রয়কেন্দ্র খোলা হয়েছে। ৫০০০জনকে আশ্রয়কেন্দ্রে আশ্রয় দেওয়া হয়েছে। |

**(খ) দুর্যোগ ব্যাবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনালয় হতে বরাদ্দকৃত ত্রাণের বিবরণঃ**

| জিআর ক্যাশ (টাকা) | জিআর চাল (মেঃটন) | শুকনা ও অন্যান্য খাবার (কার্টুন) |
|---|---|---|
| ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) | ৩০০ (তিন শত) | ২,০০০ (দুই হাজার) |

৩। খাগড়াছড়িঃ

**(ক) বন্যা পরিস্থিতির তথ্যঃ**

| বন্যা পরিস্থিতির বিবরণ | ক্ষয়ক্ষতির বিবরণ | প্রাণহানির সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| অতি বৃষ্টি ও আকস্মিক বন্যায় মারাত্মকভাবে প্লাবনের সৃষ্টি হয়েছে। এছাড়া বিভিন্নস্থানে পাহাড় ধ্বসের ঘটনা ঘটেছে। | ১। ক্ষতিগ্রস্ত উপজেলাঃ ৪টি<br>২। ক্ষতিগ্রস্ত ইউনিয়ন/পৌরসভা ১৩টি<br>৩। ক্ষতিগ্রস্ত গ্রামঃ ১০৮টি<br>৪। দুর্গত লোক সংখ্যাঃ ৪০,৩৮০জন | কোন প্রানহানির খবর পাওয়া যায়নি। | দিঘিনালা উপজেলার ৭টি আশ্রয়কেন্দ্রে ১৭৫টি পরিবারের ৮২২ জন এবং রামগড় উপজেলার ১টি আশ্রয়কেন্দ্রে ২০টি পরিবারের ৭০ জন আশ্রয় নিয়েছে। খাগড়াছড়ি সদর ও পানছড়ি উপজেলার বন্যা পরিস্থিতি উন্নত হওয়ায় আশ্রয়কেন্দ্রে আশ্রিত লোকজন নিজ নিজ বাড়ীতে ফিরে গিয়েছে। |

**(খ) দুর্যোগ ব্যাবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনালয় হতে বরাদ্দকৃত ত্রাণের বিবরণঃ**

| জিআর ক্যাশ (টাকা) | জিআর চাল (মেঃটন) | শুকনা ও অন্যান্য খাবার (কার্টুন) |
|---|---|---|
| - | - | - |

## ৪। রাংগামাটিঃ

**(ক) বন্যা পরিস্থিতির তথ্যঃ**

| বন্যা পরিস্থিতির বিবরণ | ক্ষয়ক্ষতির বিবরণ | প্রাণহানির সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টিপাত অব্যাহত আছে। | কাউখালী উপজেলার ঘাগড়া ইউনিয়নের কলাবাগান নামক স্থানে পাহাড়ী ঢলের প্রবল স্রোতে রাংগামাটি চট্টগ্রাম সড়কের কিছু অংশ ক্ষতিগ্রস্ত হয়েছে। | কোন প্রানহানির খবর পাওয়া যায়নি। | পাহাড় ধসসহ যে কোন দুর্ঘটনা এড়াতে ঝুঁকিপূর্ণ এলাকার লোকজনকে ২০০ টি অস্থায়ী আশ্রয়কেন্দ্রে সরিয়ে আনা হয়েছে। ৭টি আশ্রয়কেন্দ্রে প্রায় ২০০ জন লোক আশ্রয় নিয়েছে। ক্ষতিগ্রস্ত স্থানের মেরামত কার্যক্রম চলছে। রাংগামাটি-চট্টগ্রাম সড়কে যানবাহন চলাচল স্বাভাবিক রয়েছে। |

**(খ) দুর্যোগ ব্যাবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনালয় হতে বরাদ্দকৃত ত্রাণের বিবরণঃ**

| জিআর ক্যাশ (টাকা) | জিআর চাল (মেঃটন) | শুকনা ও অন্যান্য খাবার (কার্টুন) |
|---|---|---|
| ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) | ৩০০ (তিনশত) | - |

৫। কক্সবাজারঃ

**(ক) বন্যা পরিস্থিতির তথ্যঃ**

| বন্যা পরিস্থিতির বিবরণ | ক্ষয়ক্ষতির বিবরণ | প্রাণহানির সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| অতি বৃষ্টি ও আকস্মিক বন্যায় মারাত্মকভাবে প্লাবনের সৃষ্টি হয়েছে। | ১। ক্ষতিগ্রস্ত উপজেলাঃ ৭টি (আংশিক)<br>২। ক্ষতিগ্রস্ত পৌরসভাঃ ৩টি (আংশিক)<br>৩। ক্ষতিগ্রস্ত ইউনিয়নঃ ৪৩টি (আংশিক)<br>৪। পানিবন্দি পরিবারের সংখ্যাঃ ১০,৩,২৮টি<br>৫। পানিবন্দি জনসংখ্যাঃ ৪১,২৮০ জন<br>৬। ক্ষতিগ্রস্ত বাঁধঃ ২.৫০ কিঃমিঃ<br>৭। ক্ষতিগ্রস্ত বীজতলাঃ ১৭৪০ হেক্টর (আংশিক) | কোন প্রানহানির খবর পাওয়া যায়নি। | লোকালয় থেকে পানি নামতে শুরু করেছে। সকল নদীর পানি নীচ দিয়ে প্রবাহিত হচ্ছে। |

**(খ) দুর্যোগ ব্যাবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনালয় হতে বরাদ্দকৃত ত্রাণের বিবরণঃ**

| জিআর ক্যাশ (টাকা) | জিআর চাল (মেঃটন) | শুকনা ও অন্যান্য খাবার (কার্টুন) |
|---|---|---|
| ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) | ৩০০ (তিনশত) | ২০০০ (দুই হাজার) |

## ৬। লালমনিরহাটঃ

**(ক) বন্যা পরিস্থিতির তথ্যঃ**

| বন্যা পরিস্থিতির বিবরণ | ক্ষয়ক্ষতির বিবরণ | প্রাণহানির সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| তিস্তা নদীর পানি বিপদসীমার ৪৮ সেমি এবং ধরলা নদীর পানি বিপদসীমার ৪২ সেমি উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। | ১। ক্ষতিগ্রস্ত উপজেলাঃ ৫টি<br>২। ক্ষতিগ্রস্ত ইউনিয়নঃ ১৭টি<br>৩। ক্ষতিগ্রস্ত পরিবারের সংখ্যাঃ ৯,০৯৬টি | কোন প্রানহানির খবর পাওয়া যায়নি। | জেলায় ১২ টি আশ্রয় কেন্দ্র খোলা হয়েছে। |

**(খ) দুর্যোগ ব্যাবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনালয় হতে বরাদ্দকৃত ত্রাণের বিবরণঃ**

| জিআর ক্যাশ (টাকা) | জিআর চাল (মেঃটন) | শুকনা ও অন্যান্য খাবার (কার্টুন) |
|---|---|---|
| ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) | ৩০০ (তিনশত) | ২,০০০ (দুই হাজার) |

## ৭। নীলফামারীঃ

**(ক) বন্যা পরিস্থিতির তথ্যঃ**

| বন্যা পরিস্থিতির বিবরণ | ক্ষয়ক্ষতির বিবরণ | প্রাণহানির সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| নীলফামারী জেলার ডিমলা উপজেলায় তিস্তা নদীর পানি বিপদসীমার ২৫ সে.মি উপর দিয়ে প্রবাহিত হচ্ছে | নদীর পানি বৃদ্ধির ফলে নদী তীরবর্তী ৬টি ইউনিয়নের নিম্নাঞ্চল প্লাবিত হয়েছে। | কোন প্রানহানির খবর পাওয়া যায়নি। | - |

**(খ) দুর্যোগ ব্যাবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনালয় হতে বরাদ্দকৃত ত্রাণের বিবরণঃ**

| জিআর ক্যাশ (টাকা) | জিআর চাল (মেঃটন) | শুকনা ও অন্যান্য খাবার (কার্টুন) |
|---|---|---|
| ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) | ৩০০ (তিনশত) | ২,০০০ (দুই হাজার) |

## ৮। সুনামগঞ্জঃ

### (ক) বন্যা পরিস্থিতির তথ্যঃ

| বন্যা পরিস্থিতির বিবরণ | ক্ষয়ক্ষতির বিবরণ | প্রাণহানির সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| সুরমা নদীর পানি উচ্চতা বিপদসীমার ৮৪ সেঃমিঃ এর উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। বৃষ্টিপাতের ফলে অধিকাংশ নদনদীর পানি বৃদ্ধি পেয়েছে। | ১। ক্ষতিপ্রস্ত উপজেলাঃ ৭টি<br>২। ক্ষতিপ্রস্ত পরিবারের সংখ্যাঃ সুনামগঞ্জ সদর উপজেলার ২,৯৫০টি পরিবার, তাহিরপুর উপজেলার ৪,১০০টি পরিবার, বিশ্বম্ভরপুর উপজেলার ১,৪০০টি পরিবার, দোয়ারাবাজার উপজেলায় ২,৮৫০টি পরিবার এবং জামালগঞ্জ উপজেলায় ১,৮০০টি পরিবার।<br>৩। ক্ষতিগ্রস্ত লোকসংখ্যাঃ ১,০৪,০০০ জন<br>৪। ক্ষতিগ্রস্ত ফসলঃ ১,৩৮৫ হেক্টর | বজ্রপাতে ২ জন মৃত্যুবরণ করেছেন। | জেলা ও উপজেলায় পর্যায়ে কন্ট্রোল রুম খোলা হয়েছে। |

**(খ) দুর্যোগ ব্যাবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনালয় হতে বরাদ্দকৃত ত্রাণের বিবরণঃ**

| জিআর ক্যাশ (টাকা) | জিআর চাল (মেঃটন) | শুকনা ও অন্যান্য খাবার (কার্টুন) |
|---|---|---|
| ১০,০০,০০০ (দশ লক্ষ) | ৩০০ (তিনশত) | ২,০০০ (দুই হাজার) |

## ৯। নেত্রকোনাঃ

### (ক) বন্যা পরিস্থিতির তথ্যঃ

| বন্যা পরিস্থিতির বিবরণ | ক্ষয়ক্ষতির বিবরণ | প্রাণহানির সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| বৃষ্টিপাত ও পাহাড়ী ঢলে নেত্রকোনা জেলার দূর্গাপুর উপজেলার উপর দিয়ে প্রবাহিত সোমেশ্বরী নদীর পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। পানি বৃদ্ধি অব্যাহত রয়েছে। | * ক্ষতিপ্রস্ত উপজেলাঃ ৩টি<br>*দুর্গাপুর উপজেলায় ৪টি, কলমাকান্দায় ৩টি, এবংবারহাট্রায় ৩টি আশ্রয় কেন্দ্র খোলা হয়েছে। | বজ্রপাতে আজ সকালে কলমাকান্দা উপজেলার রংসাটি ইউনিয়নে ১২ বছরের একটি ছেলে মারা গিয়েছে। | স্থানীয় পর্যায়ে উদ্ধার টিম প্রস্তুত করা হয়েছে। উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা আহ্বান করা, উপজেলা পর্যায়ে কন্ট্রোল রুম খোলা, বন্যা মোকাবিলায় স্বেচ্ছাসেবক টিম গঠন করা হয়েছে। আনুমানিক ৩টি আশ্রয় কেন্দ্রে ১৫০ জন লোক আশ্রয় নিয়েছে । |

**(খ) দুর্যোগ ব্যাবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনালয় হতে বরাদ্দকৃত ত্রাণের বিবরণঃ**

| জিআর ক্যাশ (টাকা) | জিআর চাল (মেঃটন) | শুকনা ও অন্যান্য খাবার (কার্টুন) |
|---|---|---|
| ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) | ৩০০ (তিনশত) | ২,০০০ (দুই হাজার) |

## ১০। সিলেটঃ

**(ক) বন্যা পরিস্থিতির তথ্যঃ**

| বন্যা পরিস্থিতির বিবরণ | ক্ষয়ক্ষতির বিবরণ | প্রাণহানির সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| জেলার নদ-নদীসমূহের পানি ৭টি পয়েন্টের মধ্যে ৩টি পয়েন্টে বিপদসীমার সামান্য উপরে এবং ৪টি পয়েন্টে বিপদসীমার নীচ দিয়ে প্রবাহিত হচ্ছে। | ১। ক্ষতিগ্রস্ত উপজেলাঃ ৬টি (গোয়াইনঘাট, জৈন্তাপুর, কোম্পানীগঞ্জ, ফেঞ্চুগঞ্জ, বালাগঞ্জ ও কানাইঘাট)<br>২। ক্ষতিগ্রস্ত ইউনিয়নঃ ২০টি<br>৩। ক্ষতিগ্রস্ত পরিবারের সংখ্যাঃ ৩,৮২০টি<br>৪। ক্ষতিগ্রস্ত ঘরবাড়িঃ সম্পূর্ণ ৩,৯১০ টি, আংশিক ৭৬০ টি | নাই | জেলা ও উপজেলায় পর্যায়ে কন্ট্রোল রুম খোলা হয়েছে। |

**(খ) দুর্যোগ ব্যাবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনালয় হতে বরাদ্দকৃত ত্রাণের বিবরণঃ**

| জিআর ক্যাশ (টাকা) | জিআর চাল (মেঃটন) | শুকনা ও অন্যান্য খাবার (কার্টুন) |
|---|---|---|
| ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) | ৩০০ (তিনশত) | ২,০০০ (দুই হাজার) |

## ১১। বগুড়াঃ

**(ক) বন্যা পরিস্থিতির তথ্যঃ**

| বন্যা পরিস্থিতির বিবরণ | ক্ষয়ক্ষতির বিবরণ | প্রাণহানির সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| অতিরিক্ত বৃষ্টিপাতের কারণে বন্যার সৃষ্টি হয়েছে। | ক্ষতিগ্রস্ত গ্রামঃ ৪৭টি<br>ক্ষতিগ্রস্ত লোকসংখ্যাঃ ৪,৭৪০জন<br>* ক্ষতিগ্রস্ত ফসলঃ ১০ হেক্টর<br>* নদী ভাংগনে ১৪০টি ঘরবাড়ী ভেঙ্গে গেছে। | নাই | নাই |

**(খ) দুর্যোগ ব্যাবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনালয় হতে বরাদ্দকৃত ত্রাণের বিবরণঃ**

| জিআর ক্যাশ (টাকা) | জিআর চাল (মেঃটন) | শুকনা ও অন্যান্য খাবার (কার্টুন) |
|---|---|---|
| ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) | ৩০০ (তিন শত) | - |

## ১২। গাইবান্ধাঃ

**(ক) বন্যা পরিস্থিতির তথ্যঃ**

| বন্যা পরিস্থিতির বিবরণ | ক্ষয়ক্ষতির বিবরণ | প্রাণহানির সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| যমুনা-ব্রহ্মপুত্র নদীর ফুলছড়ি পয়েন্টে বিপদসীমার ৩৭ সেঃ মিঃ উপর দিয়ে পানি প্রবাহিত হচ্ছে। | গাইবান্ধা সদরে ৬টি, ফুলছড়িতে ৩২টি সহ সারা জেলায় মোট ৮৫টি আশ্রয়কেন্দ্র খোলা হয়েছে। | নাই | ফুলছড়ি ও গাইবান্ধা সদর উপজেলার আশ্রয়কেন্দ্রে মোট ৩২০৭ জন আশ্রয় নিয়েছে। |

**(খ) দুর্যোগ ব্যাবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনালয় হতে বরাদ্দকৃত ত্রাণের বিবরণঃ**

| জিআর ক্যাশ (টাকা) | জিআর চাল (মেঃটন) | শুকনা ও অন্যান্য খাবার (কার্টুন) |
|---|---|---|
| ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) | ৩০০ (তিন শত) | - |

## ১৩। মৌলভীবাজারঃ

**(ক) বন্যা পরিস্থিতির তথ্যঃ**

| বন্যা পরিস্থিতির বিবরণ | ক্ষয়ক্ষতির বিবরণ | প্রাণহানির সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| মৌলভীবাজার জেলার শেরপুর-সিলেট পয়েন্টে কুশিয়ারা নদীর পানি বিপদসীমার ৪২ সেঃমিঃ, মনু নদীর মনু রেলওয়ে ব্রীজ পয়েন্টে বিপদসীমার ৩৭ সেঃমিঃ এবং মৌলভীবাজার পয়েন্টে বিপদসীমার ৩৩ সেঃমিঃ, ধলাই নদীর কমলগঞ্জ পয়েন্টে বিপদসীমার ৪১ সেঃমিঃ উপর দিয়ে পানি প্রবাহিত হচ্ছে। | সদর উপজেলার খলিলপুর ও মনুমুখ ইউনিয়নে ৩/৪ টি গ্রামে বন্যার পানি প্রবেশ করছে। কমলগঞ্জ উপজেলার হিমপুর, আদমপুর ও পৌরসভার কিছু অংশে ২/৩ টি গ্রামে বন্যার পানি প্রবেশ করছে। কমলগঞ্জ উপজেলার পৌরসভার ৯ নম্বর ওয়ার্ডে বামনপাশা নামক স্থানে নির্মাণাধীন ২০ মিটার বাঁধ ভেঙ্গে গেছে। | নাই | বাঁধ নির্মাণের প্রক্রিয়া চলছে। |

**(খ) দুর্যোগ ব্যাবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনালয় হতে বরাদ্দকৃত ত্রাণের বিবরণঃ**

| জিআর ক্যাশ (টাকা) | জিআর চাল (মেঃটন) | শুকনা ও অন্যান্য খাবার (কার্টুন) |
|---|---|---|
| ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) | ৩০০ (তিন শত) | - |

## ১৪। হবিগঞ্জঃ

**(ক) বন্যা পরিস্থিতির তথ্যঃ**

| বন্যা পরিস্থিতির বিবরণ | ক্ষয়ক্ষতির বিবরণ | প্রাণহানির সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| খোয়াই নদীর পানি বাল্লা স্টেশনে বিপদসীমার ৫০সেঃমিঃ উপর দিয়ে এবং মাসুলিয়া পয়েন্টে বিপদসীমার ৬০সেঃমিঃ উপর দিয়ে, কুশিয়ারা নদীর শেরপুর পয়েন্টে বিপদসীমার ৪৪সেঃমিঃ উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। | এখনো পর্যন্ত কোন বন্যার পরিস্থিতি সৃষ্টি হয়নি। | নাই | নাই |

**(খ) দুর্যোগ ব্যাবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনালয় হতে বরাদ্দকৃত ত্রাণের বিবরণঃ**

| জিআর ক্যাশ (টাকা) | জিআর চাল (মেঃটন) | শুকনা ও অন্যান্য খাবার (কার্টুন) |
|---|---|---|
| ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) | ৩০০ (তিন শত) | - |

## ১৫। ফেনীঃ

**(ক) বন্যা পরিস্থিতির তথ্যঃ**

| বন্যা পরিস্থিতির বিবরণ | ক্ষয়ক্ষতির বিবরণ | প্রাণহানির সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| মৌসুমী বৃষ্টিপাত ও উজান থেকে নেমে আসা পাহাড়ী ঢলের কারণে জেলার ফুলগাজী উপজেলার মুহুরী নদীর বাঁধের ৪টি স্থানে এবং পরশুরাম উপেজেলার মুহুরী ও কহুয়া নদীর ৬টি স্থানে বাঁধ ভেংগে নিম্নাঞ্চল প্লাবিত হয়েছে। | প্রাথমিক তথ্য অনুযায়ী পরশুরাম উপজেলার ১,৮৯৫ টি পরিবার ও ফুলগাজী উপজেলার ৬০ টি পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে। | নাই | - |

**(খ) দুর্যোগ ব্যাবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনালয় হতে বরাদ্দকৃত ত্রাণের বিবরণঃ**

| জিআর ক্যাশ (টাকা) | জিআর চাল (মেঃটন) | শুকনা ও অন্যান্য খাবার (কার্টুন) |
|---|---|---|
| ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) | ৩০০ (তিন শত) | ২০০০ (দুই হাজার) |

**দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক জেলা ভিত্তিক মোট ত্রাণ সামগ্রী বরাদ্দের তথ্যঃ**

পাহাড়ী ঢল, অতিবৃষ্টি ও পার্বত্য জেলায় পাহাড় ধসের কারণে এবং প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের মাঝে মানবিক সহায়তা প্রদানের লক্ষ্যে ২০১৯-২০ অর্থ বছরে নিম্নবর্ণিত ত্রাণ সামগ্রী বরাদ্দ করা হয়েছে।

| তারিখ | জেলার সংখ্যা | জিআর চাল (মেঃটন) | জিআর (ক্যাশ) | শুকনো খাবার (প্যাকেট) | তাঁবু (সেট) |
|---|---|---|---|---|---|
| ০১/০৭/২০১৯ | ২৫ জেলা | - | - | ৫৯,০০০ | |
| ০৭/০৭/২০১৯ | ৬৪ জেলা | ১০,৯০০ | ১,৭৩,০০,০০০/- | - | |
| ১১/০৭/২০১৯ | ২২ জেলা | ৬,৬০০ | ১,২০,০০,০০০/- | - | |
| **১২/০৭/২০১৯** | **১০জেলা** | - | - | **২০,০০০** | |
| **১৪/০৭/২০১৯** | **৮জেলা** | - | - | - | **৭,৫০০** |
| **মোট** | | **১৭,৫০০** | **২,৯৩,০০,০০০/** | **৭৯,০০০** | **৭,৫০০** |

**অগ্নিকান্ডঃ** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের কন্ট্রোল রুম থেকে প্রাপ্ত তথ্য অনুসারে আজ কোথাও কোন উল্লেখযোগ্য অগ্নিকান্ড সংঘঠিত হয়নি।

**২। ইহা মহোদয়ের সদয় অবগিতর জন্য প্রেরণ করা হলো।**

১৪-৭-২০১৯


মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল:
controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অধিশাখা
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়


স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৯০/১(৬৪)

তারিখ: ৩০ আষাঢ় ১৪২৬ / ১৪ জুলাই ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

২) পরিচালক, পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৩) পরিচালক , ত্রাণ অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৪) উপপরিচালক , পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৫) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৬) জেলা ত্রাণ ও পুর্ণবাসন কর্মকর্তা

১৪-৭-২০১৯

মোহাম্মদ হাফিজুর রহমান

ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)